

(বিভিন্ন উন্নয়ন প্রকল্পে অগ্রিম অর্থ উত্তোলন সংক্রান্ত স্মারক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং : অম/অবি/উ:-১/বিবিধ-৪৬/৯৮/৭২

তারি : ২৩/২/১৯৯৮ ইং

বিষয় : বিভিন্ন উন্নয়ন প্রকল্পে অগ্রিম অর্থ উত্তোলন প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন কিছু কিছু উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অগ্রিম অর্থ উত্তোলনের নিমিত্তে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হইতেছে। বর্তমানে বলবৎ বিধি অনুযায়ী অর্থ বিভাগের পূর্ব সম্মতি ছাড়া কোন বাস্তবায়নধীন প্রকল্পের জন্য অগ্রিম অর্থ উত্তোলন করা যায় না। এই সকল প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের সময় যথাযথভাবে প্রেরণ করা হয় না। ফলে প্রস্তাবসমূহ নিষ্পত্তিতে বিলম্ব ঘটয়া থাকে।

- ২। এমতাবস্থায় মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনবোধে নিম্নলিখিত বিষয়াদির উপর সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার সুনির্দিষ্ট মতামত এবং সুপারিশসহ অগ্রিম অর্থ উত্তোলনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জ্ঞাপন করা যাইতেছে :
- (ক) কোন কিস্তির ছাড়কৃত অর্থ হইতে অগ্রিম উত্তোলনের প্রস্তাব করা হইতেছে এবং সংশ্লিষ্ট পিপি/পিসিপি/টিএপিপিতে উক্ত প্রস্তাবিত অর্থের সংস্থান আছে কিনা ?
- (খ) অগ্রিম অর্থ উত্তোলনের যৌক্তিকতা ;
- (গ) পূর্বে কোন অর্থ অগ্রিম উত্তোলিত করা হইয়া থাকিলে উহার সমন্বয় করা হইয়াছে কিনা ?
- (ঘ) এতদসম্পর্কিত বিষয়ে সংশ্লিষ্ট সি,এ,ও,র অন্য কোন মতামত।

স্বা/-
অরিজিৎ চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

- ১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
২। সচিব,.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)
৪। উন্নয়ন অনুবিভাগের সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।